দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ ... 31 JUL 1989
পৃষ্ঠা ... 4 কলাম 3

643

## এসএসসিতে গ্রেস মার্ক ও সাপ্লিমেন্টারী পরীক্ষা

পত্রিকান্তরের খবরেপ্রকাশ, ১৯৮৯ সনে এসএসসি পরীক্ষার ফলাফল আশানুরূপ না হওয়ায় বোর্ড কর্তৃপক্ষ ৫০ শতাংশ নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা ১ বিষয়ে অকৃতকার্য হয়েছে তাদের ১০ নম্বর গ্রেস মার্ক দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। যারা ১০ নম্বর পাওয়ার পরও কৃতকার্য হতে পারবে না তাদের সাপ্লিমেন্টারী পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হবে। কর্তৃপক্ষের এ সিদ্ধান্ত আমাদের মত গরীব ছাত্র-ছাত্রীদের ভীষণ সহায়ক। তবু কিছু কথা থেকে যায়। কর্তৃপক্ষ নিশ্চয়ই স্বীকার করবেন বিজ্ঞান বিভাগের একজন ছাত্রের পক্ষে ৫০০ নম্বর পাওয়া যতখানি সহজ, কলা বিভাগের ছাত্রের পক্ষে তা ততটা সহজ নয়। তাই আমাদের নিম্নোক্ত আবেদন বিবেচনার জন্য মিনতি করছি।

১। সকল বিভাগের ছাত্রদের মধ্যে যারা ১ বিষয়ে ফেল করেছে তাদেরকে ১০ নম্বর গ্রেস প্রদান।

২। যারা ৫০০ নম্বর এর কমপক্ষে ৪০০ নম্বর পেয়েছে তাদেরকে এ সুযোগ প্রদান।

৩। তবে সাপ্লিমেন্টারী পরীক্ষার ব্যাপারে আমরা একমত।

আজমত, হ্যাপী ও আলেয়া,
নারায়ণগঞ্জ।